

ফোনঃ ৮৮-০২-৯৫৫৫১৩৩  
ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৫১০৭৩

বাংলাদেশ পানি  উন্নয়ন বোর্ড

Phone: 88-02-9555133  
Fax: 88-02-9551073

সচিবালয়

ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

স্মারক নং-২৭৫ পাউবো(সচি)/বোর্ড-২

তারিখঃ ২৬ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ  
১১ অক্টোবর, ২০১৭ খ্রিষ্টাব্দ


-ঃ সাকুলার :-

প্রচলিত বিধি বিধান অনুযায়ী যথাসময়ে তদন্ত কার্যক্রম নিষ্পত্তি করা অত্যাাবশ্যিক। কিন্তু, লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন অভিযোগের বিষয় বোর্ড কর্তৃক গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করা হয় না। অনেক ক্ষেত্রে অযৌক্তিক কারণ দেখিয়ে প্রতিবেদন দাখিলে কালক্ষেপণ করা হয়। যথাসময়ে তদন্ত প্রতিবেদন দাখিল না করার কারণে তদন্তের মূল উদ্দেশ্যই ব্যাহত হয়। ফলে, এহেন কার্যক্রম এর কারণে প্রশাসনিক মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার নিকট বোর্ডের ভাবমূর্তি ক্ষুন্ন হয় এবং বোর্ডকে বিব্রতকর পরিস্থিতির সম্মুখীন হতে হয়।

এমতাবস্থায়, বোর্ডের কাজের স্বচ্ছতা, জবাবদিহীতা, শৃঙ্খলা, প্রশাসনিক গতিশীলতাসহ বোর্ডের ভাবমূর্তি সুদৃঢ় করার লক্ষ্যে উত্থাপিত অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে গঠিত তদন্ত কমিটি/কর্মকর্তাকে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

তদন্ত প্রতিবেদন দাখিলের ক্ষেত্রে প্রকৃত অর্থেই অতিরিক্ত সময়ের প্রয়োজন হলে তা যৌক্তিক কারণ উল্লেখপূর্বক অনুমোদিত সময়ের মধ্যেই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বর্ধিত সময়ের অনুমোদন নিতে হবে, তবে একাধিকবার বর্ধিত সময়ের জন্য আবেদন করা যাবে না। উক্ত নির্দেশনা পালনে কোন প্রকার গাফিলতি, উদাসীনতা ও শৈথিল্য প্রকাশ বোর্ডের বিদ্যমান চাকুরী প্রবিধানমালার পরিপন্থী হিসেবে গণ্য হবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

  
(আব্দুল খালেক)

সচিব

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

পরিচিতি নং ৬৩০১২০০০১

E-mail: khalequebd@gmail.com

স্মারক নং-২৭৫ পাউবো(সচি)/বোর্ড-২

তারিখঃ ২৬ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ  
১১ অক্টোবর, ২০১৭ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

- ১। প্রধান প্রকৌশলী/ প্রধান/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প-পরিচালক/নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), ... ..
- ২। সচিব, বাপাউবো, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক, ... ..
- ৪। পরিচালক, হিসাব/অর্থ/অডিট/শৃঙ্খলা/কর্মচারী উন্নয়ন/কর্মচারী/প্রচার সেল/সওয়া/নিরাপত্তা/প্রশিক্ষণ/ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৫। চীফ ষ্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আই সি টি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৭। উপ-পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা, ... .. আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ... ..
- ৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/ইস্টার্ন রিজিয়ন/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
- ৯। অফিস কপি/মাষ্টার কপি।

স্মারক নং ২৬০৩

প্রোগ্রামার ৩

সহকারী প্রোগ্রামার ১/২

নেটওয়ার্ক প্রকৌশলী

অফিস সহকারী

সিস্টেম এনালিস্ট- ১/২

হাটসিটি সেল, বাপাউবো ঢাকা

তারিখঃ ০৬/১০/১৭


জনস্বাক্ষর

প্রয়োজনীয় ব্যবস্থা নি-

র্নয়িত পেশ করুন

নথিতে রাখুন

তারিখ পত্র দিন

  
(সৈয়দ মাহবুবুল হক)  
উপ-সচিব(বোর্ড)

বাপাউবো, ঢাকা।